

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৭৪

আগরতলা, ২৮ ডিসেম্বর, ২০২৩

বিধানসভা ও সচিবালয়ে প্রয়াত বিধায়ক
সুরজিৎ দত্ত-কে রাজ্যপাল ও মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা জ্ঞাপন



বেশ কিছুদিন রোগ ভোগের পর গতকাল রাতে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে বিধায়ক সুরজিৎ দত্ত প্রয়াত হন। আজ সকালে তাঁর মরদেহ বিমানে আগরতলায় নিয়ে আসা হয়। বিধায়কের মরদেহ বিধানসভায় নিয়ে যাওয়ার পর সেখানে তাঁর মরদেহে শ্রদ্ধা জ্ঞাপন করেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাথু। এরপর শ্রদ্ধা জ্ঞাপন করেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, বিধানসভার সরকারি মুখ্যসচিব কল্যাণী রায়, রাজ্য মন্ত্রিসভার সদস্য সহ বিধানসভার সচিব এবং অন্যান্য আধিকারিকগণ।

এমবিবি বিমানবন্দর থেকে প্রয়াত বিধায়কের মরদেহ প্রথমে রাজ্য সচিবালয়ে নিয়ে আসা হয়। সেখানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা পুষ্পস্তবক দিয়ে প্রয়াত বিধায়কের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তারপর একে একে রাজ্য মন্ত্রিসভার সদস্য কৃষিমন্ত্রী রতন লাল নাথ, অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায়, যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, তপশিলিজাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. পি কে চক্রবর্তী, সচিব টি কে দেবনাথ সহ রাজ্য প্রশাসনের বিভিন্ন দপ্তরে সচিব এবং আধিকারিকগণ পুষ্পস্তবক দিয়ে প্রয়াত বিধায়কের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। উল্লেখ্য, গত কিছুদিন ধরে প্রয়াত বিধায়ক সুরজিৎ দত্ত কিডনি জনিত রোগে অসুস্থ ছিলেন।
